

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০৭৯  
উদয়পুর, ১ মার্চ, ২০২১

জনজাতিদের সমাজজীবনে সমাজপতিদের  
মূল্যবান ভূমিকা রয়েছে : মুখ্যমন্ত্রী

জনজাতিদের সমাজজীবনে সমাজপতিদের মূল্যবান ভূমিকা রয়েছে। জনজাতিদের কৃষ্টি ও সংস্কৃতিকে এগিয়ে নিয়ে যেতে প্রত্যেক জনজাতি গোষ্ঠীর সমাজপতিগণ অগ্রণী ভূমিকা নেন। সমাজপতিরাই জনজাতিদের সমাজের ধারক ও বাহক। আজ কিল্লা ব্লকের জয়িংকামী মাঠে জমতিয়া ও মলসম সম্প্রদায়ের সমাজপতিদের সম্মাননা প্রদান সমারোহ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব প্রধান অতিথির ভাষণে একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, জনজাতি সমাজে সমাজপতিদের এই অবদানকে বিগত বছরগুলিতে উপেক্ষা করা হয়েছে। বর্তমান সরকার সমাজপতিদের স্বীকৃতি দানের মাধ্যমে সেই ঐতিহ্য পুনরায় প্রতিষ্ঠিত করার প্রয়াস নিয়েছে। এদিকে লক্ষ্য রেখেই সরকার জনজাতি গোষ্ঠীর সমাজপতিদের সম্মাননা প্রদান করছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান রাজ্য সরকার এডিসি এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ৩৬২ কোটি টাকা ব্যয় করে ৬৮টি রাস্তা তৈরি করবে। এডিসি এলাকার সবগুলি রাস্তাকে পাকা করা হবে। এরমধ্যে ৩১টি রাস্তা তৈরি করতে ব্যয় হবে ১৩৫ কোটি টাকা। ৮টি রাস্তা তৈরিতে ব্যয় হবে ৪৬ কোটি টাকা এবং ২৯টি রাস্তা তৈরি করতে খরচ হবে ১৮১ কোটি টাকা। তিনি বলেন, এডিসি এলাকায় পেপার ব্লকের রাস্তা তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এরজন্য সরকার ৯৬ কোটি টাকা বরাদ্দ করেছে।

অনুষ্ঠানে সম্মানিত অতিথির ভাষণে কৃষিমন্ত্রী প্রণজিৎ সিংহরায় বলেন, আজ এক ঐতিহাসিক দিন। রাজ্যে প্রকৃত যাদের সম্মাননা পাওয়ার অধিকার রয়েছে আজ সেই সমাজপতিদের এই অনুষ্ঠানে সম্মাননা জ্ঞাপন করা হলো। রাজ্যের জনজাতি গোষ্ঠীর কৃষ্টি ও সংস্কৃতিকে রক্ষা করার ক্ষেত্রে সরকার আন্তরিক। সরকার প্রত্যেক জাতিগোষ্ঠীর কৃষ্টি সংস্কৃতিকে সম্মান করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাপতি স্বপন অধিকারী, বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, জমতিয়া হদার অক্রা পুলিন্দ্র কুমার জমতিয়া, জমতিয়া হদার অক্রা পদুলীলা জমতিয়া, মলসম দফার রাই মদন হরি মলসম প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিধায়ক রামপদ জমতিয়া। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন গোমতী জেলার জেলাশাসক ড. টি কে দেবনাথ। আজ অনুষ্ঠানের মাধ্যমে জমতিয়া হদার অক্রা পুলিন্দ্র কুমার জমতিয়া, পদুলীলা জমতিয়া এবং মলসম দফার রাই মদন হরি মলসমকে সম্মাননা জানান মুখ্যমন্ত্রী। এছাড়া অনুষ্ঠান শুরু হওয়ার পূর্বে কিল্লা কৃষি মহকুমার অধীন ৬০ জন কৃষককে জয়িংকামী মাঠে ভর্তুকিতে কৃষিজ যন্ত্রপাতি বিতরণ করা হয়। এতে মোট ব্যয় হয় ২৪ লক্ষ ৬২ হাজার ৮১৪ টাকা।

\*\*\*\*\*